**Questions no 15. সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা বা Millennium Development Goals (MDGs) কি?**

**উওর:**

MDGs হল এমন ৮টি বৈশ্বিক উন্নয়নের লক্ষ্য, যেগুলো জাতিসংঘ এবং বিশ্বনেতারা ২০০০ সালে গৃহীত করেছিলেন, এবং প্রতিটি দেশকে নির্দেশ দেয়া হয়েছিল যেন ২০১৫ সালের মধ্যে এই লক্ষ্যগুলো পূরণে কাজ করে। এই লক্ষ্যগুলো ছিল দারিদ্র্য দূরীকরণ, শিক্ষা, স্বাস্থ্য, লিঙ্গ সমতা, পরিবেশ সংরক্ষণ এবং বৈশ্বিক অংশীদারিত্ব প্রতিষ্ঠার দিকে কেন্দ্রীভূত।

MDGs গৃহীত হয় সেপ্টেম্বর ২০০০ সালে, জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে। এতে ১৮৯টি দেশের রাষ্ট্রপ্রধান/সরকারপ্রধান অংশগ্রহণ করে। এখানে গৃহীত ঘোষণা হলো “United Nations Millennium Declaration”.

**৮টি লক্ষ্যের তালিকা**

১. **চরম দারিদ্র্য ও ক্ষুধা দূরীকরণ:** দিনে ১.২৫ ডলারের কম আয়ে জীবনযাপনকারীর সংখ্যা অর্ধেকে নামানো, অপুষ্টি হ্রাস করা

২. **সর্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ:** প্রতিটি ছেলে ও মেয়ে যেন প্রাথমিক শিক্ষা সম্পূর্ণ করে

৩.**লিঙ্গ সমতা ও নারীর ক্ষমতায়ন** : নারীদের শিক্ষায়, চাকরিতে ও নেতৃত্বে পুরুষের সমান সুযোগ দেওয়া

৪.**শিশু মৃত্যুহার হ্রাস:** ৫ বছরের কম বয়সী শিশুদের মৃত্যুহার দুই-তৃতীয়াংশ কমানো

৫. **মাতৃস্বাস্থ্যের উন্নতি:** মাতৃমৃত্যুর হার তিন-চতুর্থাংশ কমানো, নিরাপদ মাতৃত্বে প্রবেশাধিকার

৬.**এইচআইভি/এইডস, ম্যালেরিয়া ও অন্যান্য রোগ প্রতিরোধ:** প্রাণঘাতী সংক্রামক রোগ নিয়ন্ত্রণ ও চিকিৎসা সহজলভ্য করা

৭ **.পরিবেশগত স্থিতিশীলতা অর্জন**: টেকসই পরিবেশ ব্যবস্থাপনা, বিশুদ্ধ পানি ও বস্তির উন্নয়ন

৮. **উন্নয়নের জন্য বৈশ্বিক অংশীদারিত্ব**: উন্নত দেশ ও উন্নয়নশীল দেশগুলোর মধ্যে প্রযুক্তি, ঋণ, বাজার, ও ওষুধ বিষয়ে সহযোগিতা।

২০১৫ সালের পর MDGs-এর সময়সীমা শেষ হলে, তার অভিজ্ঞতা ও ঘাটতির ভিত্তিতে গৃহীত হয় Sustainable Development Goals (SDGs)। এর লক্ষ্য সংখ্যা ৮১৭ ও সময়সীমা ২০১৫–২০৩০ ।

MDGs ছিল বৈশ্বিক উন্নয়নের প্রথম একক কাঠামো, যা উন্নয়নশীল দেশগুলোর দারিদ্র্য হ্রাস, শিক্ষা, স্বাস্থ্য ও নারীর ক্ষমতায়নে যুগান্তকারী ভূমিকা রেখেছে। যদিও সব লক্ষ্য ১০০% পূরণ হয়নি, তবে এটি বিশ্বব্যাপী উন্নয়ন চিন্তার একটি মৌলিক পরিবর্তন ঘটিয়েছে এবং পরবর্তী SDGs-এর ভিত্তি তৈরি করেছে।